

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৭-৯৩

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ  
০৯ মে ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্মচারীদের ভবিষ্যৎ বেতন-ভাতা নির্ধারণ ও পরিবর্ধনের বিষয় পর্যালোচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির নাম: সরকারি কর্মচারীদের ভবিষ্যৎ বেতন-ভাতা নির্ধারণ ও পরিবর্ধনের বিষয় পর্যালোচনা সংক্রান্ত কমিটি।

(খ) কমিটির গঠন:

- |  |              |
|--|--------------|
| (১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ       | - আহ্বায়ক   |
| (২) প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়                | - সদস্য      |
| (৩) প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়                   | - সদস্য      |
| (৪) প্রতিনিধি, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়  | - সদস্য      |
| (৫) প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়                     | - সদস্য      |
| (৬) প্রতিনিধি, পরিসংখ্যান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | - সদস্য      |
| (৭) প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক                         | - সদস্য      |
| (৮) প্রতিনিধি, হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়           | - সদস্য      |
| (৯) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়            | - সদস্য-সচিব |


(গ) কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি সরকারি কর্মচারীদের বেতন-ভাতাদি তাদের জীবন-যাত্রার ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ রাখার এবং মুদ্রাস্ফীতির সাথে সমন্বয়করণের উপায় নির্ধারণের লক্ষ্যে সার্বিক বিষয় বিচার-বিশ্লেষণপূর্বক একটি সুচিন্তিত সুপারিশমালা প্রণয়ন করিবে;
- (২) কমিটি আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে সুপারিশ সংবলিত প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(ঘ) অর্থ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(আনিসুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫১১০৮১

Email: ca\_sec@cabinet.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য